## নিজেকে ও আপনার প্রিয়জনদের কিভাবে হজ্জে প্রতারকদের হাত থেকে সুরক্ষিত রাখবেন

✓ **ভালোমত অনুসন্ধান করে নেবেন।** আপনার ট্রাভেল এজেন্সি/ট্যুর অপারেটারের বিষয়ে কয়েকটি মৌলিক খোঁজখবর না করে যাত্রা বুক করবেন না। বন্ধুবান্ধব বা পরিবারের সদস্যের পরামর্শ ঐ সংস্থার সততার যথেষ্ট প্রমাণ না। অনলাইনে গিয়ে ট্রাভেল কোম্পানির বিষয়ে সন্ধান করে দেখবেন অন্যান্যরা তাদের পরিষেবার বিষয়ে কোন মতামত জানিয়েছেন কিনা। ঐ কোম্পানি মিনিস্ট্রি অফ হজ্জের বিশ্বস্ত কিনা তা এখানে জেনে নেবেন:
**www.hajinformation.com/hajj_agents.php**

✓ **আপনার ট্রাভেল অর্থাৎ ভ্রমণ ব্যবস্থাপক কোম্পানি এবিটিএর মত স্বীকৃত বাণিজ্য প্রতিষ্ঠানের সদস্য কিনা সে বিষয়ে নিশ্চিত হয়ে নেবেন।** সব এবিটিএ সদস্যদের একটি আচরণবিধি অনুসরণ করতে হয় এবং প্রবেশযোগ্যতার কঠোর শর্তপূরণ করতে হয়, ফলে জাল কোম্পানির এইসব সংগঠনে যোগ দেওয়ার আশঙ্কা কম হয়ে যায়। আপনি এখানে যে কোন কোম্পানির এবিটিএ সদস্যতা যাচাই করে দেখতে পারেন: **http://abta.com/go-travel/before-you-travel/find-a-member**

✓ **যদি আপনি বিমান-যাত্রাসহ প্যাকেজ বুক করেন তাহলে আপনার ট্রাভেল কোম্পানি সিভিল এভিয়েশন অথরিটি (সিএএ)র এটিওএল (এয়ার ট্রাভেল অরগানাইজার্স লাইসেন্সিং) দ্বারা সুরক্ষিত কিনা সে বিষয়ে আপনার নিশ্চিত হয়ে নেওয়া প্রয়োজন।** আপনি সৌদি আরবে থাকাকালীন সেই ট্রাভেল কোম্পানি বন্ধ হয়ে গেলেও আপনার ফেরার টিকিট বৈধ থাকা উচিত তবে আপনাকে হয়ত বাসস্থানের দাম শোধ করে দিতে বলা হবে। আপনি তখনও যাত্রা না করে থাকলে সেই খরচ ও আপনার অর্থ ফেরত পাওয়ার জন্য সিএএর কাছে দাবি করতে পারবেন। আপনি এখানে এটিওএল যাচাই করে দেখতে পারেন:
**www.caa.co.uk**

✓ **সব কিছু লিখিয়ে নেবেন।** সর্বদা লিখিত শর্তাবলী চেয়ে নেবেন কারণ তাতে ট্রাভেল কোম্পানির সাথে আপনার চুক্তির বিবরণ থাকে। লক্ষ্য রাখবেন আপনার ফ্লাইটের বিবরণ, বাসস্থান ও হজ্জ-এর ভিসা যেন বৈধ হয়। পরীক্ষা করে নেওয়া যায় এমন দলিলপত্র গুছিয়ে রাখবেন ও আর্থিক লেনদেনের রেকর্ড রাখবেন।

✗ **ট্রাভেল কোম্পানিকে সরাসরি নগদ দেবেন না বা কোন ব্যক্তিবিশেষের অ্যাকাউন্টে সরাসরি ব্যাঙ্ক ট্রান্সফার করবেন না।** অধিকাংশ বৈধ কোম্পানির ব্যাঙ্কের সাথে ক্রেডিট বা ডেবিট কার্ড স্বীকার করে নেওয়ার সুব্যবস্থা থাকে। যদি আপনি নগদ বা ব্যাঙ্ক ট্রান্সফারের মাধ্যমে অর্থপ্রদান করেন ও তারপরে জানা যায় যে ঐ কোম্পানি জাল তাহলে আপনার অর্থ ফেরত পাওয়া প্রায় অসম্ভব হবে।

## যদি আপনি হজ্জে কোনরকম জাল জুয়াচুরির শিকার হন

তাহলে মুখ বুজে সহ্য করবেন না বা এগিয়ে আসতে সঙ্কোচ করবেন না। আপনার এইসব অপরাধের ব্যাপারে **Action Fraud** এ **0300 123 2040** এ বা **www.actionfraud.police.uk** এ রিপোর্ট করা বিশেষ জরুরী।

সিটি অফ লন্ডন পুলিসের ন্যাশনাল ফ্রড ইন্টেলিজেন্স ব্যুরো সব রিপোর্ট পর্যালোচনা করবে, যারা বার বার এই অপরাধ করছে তাদের সনাক্ত করার জন্য এটা ব্যবহার করা যায় এবং এর ভিত্তিতে স্থানীয় পুলিস তদন্ত করতে পারে। এই বিপদাশঙ্কার বাস্তবিক বিস্তার ও প্রকৃতির বিষয়ে জানতে পারলে তবেই আইন প্রণয়নকারী কার্যকরভাবে এইসব প্রতারকদের শাস্তি দিতে পারে যারা মুসলমান সম্প্রদায়ের এত ক্ষতি করে চলেছে।

কাউন্সিল অফ ব্রিটিশ হাজ্জিস-এর সিইও রশিদ মোগ্রাডিয়া বলেন:

> “*অধিকাংশ হজ্জ ট্যুর অপারেটার অসাধারণ পরিষেবা দিচ্ছে, তবে কয়েকজন ব্রিটিশ মুসলমানদের সারা জীবনের সঞ্চয় কেড়ে নিয়ে তাদের ঠকিয়ে ইন্ডাস্ট্রির দুর্নামের কারণ হয়ে উঠেছে। যাত্রীরা যে বিখ্যাত ও লাইসেন্সপ্রাপ্ত ট্যুর অপারেটার বুক করছেন সে বিষয়ে তাদের নিশ্চিত হওয়া দরকার। সমগ্র সম্প্রদায়ের কাছে আমাদের আবেদন হজ্জে জাল জুয়াচুরি প্রতিরোধে সিটি অফ লন্ডন পুলিশের প্রশংসনীয় কাজে তাদের সহযোগিতা করুন এবং যারা জাল করছেন তাদের ব্যাপারে অ্যাকসন ফ্রডে রিপোর্ট করুন যাতে তাদের বিরুদ্ধে আইনী ব্যবস্থা নেওয়া যায়।*”

হজ্জে জালিয়াতির বিষয়ে আরো তথ্যের জন্য, দেখুন:
**www.cityoflondon.police.uk/CityPolice/hajjfraud**
**www.cbhuk.org**

হজ্জের বিষয়ে আরো তথ্যের জন্য দেখুন:
**www.hajinformation.com**


CITY OF LONDON POLICE

ActionFraud
Report Fraud & Internet Crime
actionfraud.police.uk

CBH UK
The Council Of British Hajjis

# হজ্জ

প্রতারকদের আপনার সর্বনাশ করতে দেবেন না



# হজ্জে জালিয়াতি

প্রতি বছর দুই মিলিয়নের বেশী মুসলমান হজ্ব করতে মক্কা সফরে যান, এটা সারা বিশ্বে বৃহত্তম জনসমাগম। এই সমাগমে আছেন কয়েক হাজার ইউ.কে. নাগরিক, তারা সম্ভবত বেশ কয়েক বছর যাবৎ এই আশায় সঞ্চয় করেছেন যে তারা নিজেদের জীবদ্দশায় একবার অন্তত এই যাত্রা করতে পারবেন।

দূর্ভাগ্যক্রমে হজ্জের সময় যত এগিয়ে আসে, বহু মুসলমান নিজেদের পরিবার ও নিজেদের জন্য সম্পূর্ণ ট্যুর প্যাকেজ কিনে পরে জানতে পারেন যে তাদের ঠকানো হয়েছে। কয়েকজন সৌদি আরবে পৌঁছে জানতে পারেন যে তারা যে বাসস্থান ভাড়া করেছিলেন তা বাস্তবে নেই, আবার অনেকে আবিষ্কার করেন যে অবৈধ ট্যুর অপারেটার তাদের সমস্ত যাত্রার আয়োজন করেছিল এবং পুরো ব্যাপারটা একটা বিশাল জুয়াচুরি যাতে ঐসব অপারেটার কয়েক হাজার পাউন্ড নিয়ে উধাও হয়ে গিয়েছে।

মক্কায় যাওয়ার পরিকল্পনাকারী মুসলমানদের এই অবিরাম বিপদের আশঙ্কার উত্তরে ইউ.কে পুলিশের জাল-জুয়াচুরি বিরোধী প্রকল্প সিটি অফ লন্ডন পুলিশ একটি রাষ্ট্রব্যাপী হজ্জে জালিয়াতি প্রতিরোধ অভিযান পরিচালনা করছে।



সিটি অফ লন্ডন পুলিশের কমান্ডার স্টিভ হেড জানালেন:

"হজ্জযাত্রায় জুয়াচুরি এক জঘন্য অপরাধ, যা প্রতি বছর কিছু মুসলমানের সারা জীবনে একবারমাত্র মক্কাসফরের সুযোগ থেকে বঞ্চিত করছে। হজ্জের সাথে জড়িত এই জুয়াচুরির শিকার প্রতিরোধ করতে এবং যারা ইতিমধ্যেই এর শিকার হয়েছেন তাদের সাহায্য করতে, এবং যেসব ধোকাবাজরা অন্যের স্বপ্ন তছনছ করে এই অপরাধের উপার্জন করে চলেছে তাদের বিরুদ্ধে কড়া আইনী ব্যবস্থা নিতে, সিটি অফ লন্ডন পুলিশ ইউকে-র মুসলমান সম্প্রদায় এবং ইউকে পুলিশের সাথে মিলে কাজ করতে প্রতিজ্ঞাবদ্ধ হয়েছে।"

## হজ্জে কিভাবে এইসব জাল করা হয়



মক্কাযাত্রায় সবচেয়ে সেরা ব্যবস্থার সন্ধানে মুসলমানরা স্থানীয় সম্প্রদায়ের মাধ্যমে, এবং আজকাল বেশীর ভাগ অনলাইনে, নানা প্যাকেজে - যেমন ফ্লাইট, বাসস্থান, ভিসা - আকৃষ্ট হয়ে পড়েন যা দামের উপযুক্ত মনে হয়। কয়েকজন অপারেটার প্রচুর ছাড় দিচ্ছেন বলে দাবি করেন। হজ্ব সফরের আগে তাদের নগদ বা সরাসরি ব্যাঙ্ক ট্রান্সফারের মাধ্যমে পাউন্ড জমা করতে বলা হয় যার বিনিময়ে তাদের কাছে সফরের কয়েকদিন আগে টিকিট ও যাত্রার দলিলপত্র পৌঁছে দেওয়ার প্রতিশ্রুতি দেওয়া হয়। কয়েকজনের কাছে এইগুলি কখনওই পৌঁছায় না।

বার্মিংহ্যামের 36 বছরের মহম্মদের হজ্জে জুয়াচুরিতে £4,500 র লোকসান হয়। তিনি অত্যন্ত লজ্জায় পড়েছিলেন, তবে যা গুরুত্বপূর্ণ তা হল, তিনি অ্যাকসন ফ্রড-এর কাছে এ ব্যাপারে রিপোর্ট করেছিলেন:

*"প্রথমদিকে কেবলমাত্র বৈধ ট্র্যাভেল কোম্পানির প্যাকেজগুলি বিবেচনা করার ব্যাপারে আমি সচেতন ছিলাম। দূর্ভাগ্যের বিষয়, তার পরে কয়েকটা ওয়েবসাইটে লোভনীয় ডীল দেখে পথভ্রষ্ট হয়ে যাই, তারা আমাকে মক্কাসফরের সেরা ব্যবস্থা করে দেবে এই আশায় তাদের উপর আস্থাবান হয়ে পড়ি। তবে হজ্জের দিন যত এগিয়ে আসতে লাগল, দেখা গেল যে তারা কোন টিকিট পাঠাচ্ছে না ও আমার এজেন্ট আমার ফোনের উত্তর দেওয়া বন্ধ করে দিল, অবশেষে আমি বুঝতে পারলাম যে আমিও একটা জঘন্য অপরাধের শিকার হয়েছি।"*



প্রতি বছর **25,000** পর্যন্ত ব্রিটিশ মুসলমান হজ্জযাত্রা করেন

প্রতি বছর ব্রিটিশ মুসলমানরা হজ্জযাত্রায় **£125 মিলিয়ন** পর্যন্ত খরচ করেন

পুলিশের রিপোর্ট অনুসারে এই জুয়াচুরির শিকার মানুষের **£1,000-£33,000** লোকসান হয়েছে

হজ্জযাত্রীর গড় বয়স **42**

কাউন্সিল অফ ব্রিটিশ হজ্জিসের অনুমান এই অপরাধের শিকার মাত্র **3%** অ্যাকসন ফ্রডের কাছে রিপোর্ট করেছে